প্রথম আলো

তারিখ ... 12 JUL ...২০০৭...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ......

# ছাত্রদলের নতুন কমিটি ঘোষণা

## সালাহউদ্দিন সভাপতি, আমিরুল সাধারণ সম্পাদক

নিজস্ব প্রতিবেদক ●

ছাত্রদলের ১০১ সদস্যবিশিষ্ট নতুন কেন্দ্রীয় কমিটি গঠন করা হয়েছে। সুলতান সালাহউদ্দিনকে সভাপতি ও আমিরুল ইসলাম খানকে সাধারণ সম্পাদক করে গতকাল বুধবার রাতে এ কমিটি ঘোষণা করা হয়। এর আগে বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়া নতুন কমিটি অনুমোদন করেন।

ছাত্রদলের নবগঠিত কেন্দ্রীয় কমিটিতে শহিদুল ইসলাম সিনিয়র সহসভাপতি, আমিরুজ্জামান খান যুগ্ম সম্পাদক ও আনিসুর রহমান সাংগঠনিক সম্পাদকের দায়িত্ব পেয়েছেন। গতকাল রাতে বিএনপির ছাত্র-বিষয়ক সম্পাদক ফজলুল হক স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, নতুন এ কমিটির মেয়াদ হবে আগামী জানুয়ারি পর্যন্ত।

ছাত্রদলের কমিটি গঠন নিয়ে গত বেশ কয়েক দিন বিএনপির চেয়ারপারসনের গুলশান কার্যালয়ে উত্তেজনা ছিল। ছাত্রদলের নেতা-কর্মীরা গভীর রাত পর্যন্ত গুলশান কার্যালয়ে অপেক্ষা করছিলেন নতুন কমিটির সদস্যদের নাম শুনতে। তাঁদের দাবি ছিল, নতুন কমিটি গঠনের সময় যাঁরা সাচ্চা নেতা-কর্মী, যাঁরা বিপদেও মাঠে ছিলেন, তাঁদের যেন মূল্যায়ন করা হয়। সংশ্লিষ্ট একাধিক সূত্র জানায়, বেশ কিছুদিন আলোচনার পর গতকাল ছাত্রদলের নতুন কেন্দ্রীয় কমিটি অনুমোদন করেন বেগম খালেদা জিয়া।